দৈনিক বাংলা

তারিখ ... 18 APR 1990 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

02

# নিরক্ষর মানুষের কাছে শিক্ষার আলো পৌঁছে দিন ঃ ইউসুফ

॥ স্টাফ রিপোর্টার ॥

শিক্ষাসচিব জনাব আ ন ম ইউসুফ সেবার মনোভাব নিয়ে দেশের প্রায় সাড়ে আট কোটি নিরক্ষর মানুষের কাছে শিক্ষার আলো পৌঁছে দেবার জন্য সচেতন নাগরিকদের প্রতি আহবান জানিয়েছেন।

তিনি মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ সাক্ষরতা সমিতি আয়োজিত এরিয়া অর্গানাইজার ও এরিয়া কো-অর্ডিনেটরদের সপ্তাহব্যাপী প্রশিক্ষণ ও কর্মশিবিরের উদ্বোধন করেন। সমিতির সভাপতি ডঃ খন্দকার বজলুল হকের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে ইউনিসেফের প্রোগাম অফিসার জনাব এ কে এম কামালউদ্দিন, অধ্যাপক ওসমান গনী, এস এম সাইফুদ্দিন প্রমুখ বক্তব্যরাখেন।

শিক্ষা সচিব জনাব ইউসুফ নিরক্ষরতাকে জাতির জন্য একটা বিরাট সমস্যা হিসাবে চিহ্নিত করে বলেন, অতীতে শিক্ষা প্রসারের লক্ষ্যে কিছু কিছু কর্মসূচী হাতে নেয়া হলেও এতে কাঙ্খিত ফললাভ হয়নি।

আগামী ৫ই মে থেকে সপ্তাহব্যাপী শিক্ষা সপ্তাহে এবারের শ্লোগান হচ্ছে "শিক্ষাই উন্নতির বাহন"।